# আস-সাফফাত | As-Saffat | ٱلصَّافَّات

আয়াতঃ ৩৭ : ৯৯

## আরবি মূল আয়াত:

وَ قَالَ اِنِّیۡ ذَاهِبٌ اِلٰی رَبِّیۡ سَیَهۡدِیۡنِ ﴿۹۹﴾

## অনুবাদসমূহ:

আর সে বলল, ‘আমি আমার রবের দিকে যাচ্ছি, তিনি অবশ্যই আমাকে হিদায়াত করবেন। — আল-বায়ান

সে বলল, ‘আমি আমার প্রতিপালকের দিকে চললাম, তিনি আমাকে অবশ্যই সঠিক পথ দেখাবেন। — তাইসিরুল

এবং সে বললঃ আমি আমার রবের দিকে চললাম, তিনি অবশ্যই আমাকে সৎ পথে পরিচালিত করবেন। — মুজিবুর রহমান

And [then] he said, "Indeed, I will go to [where I am ordered by] my Lord; He will guide me. — Sahih International

৯৯. তিনি বললেন, “আমি আমার রবের দিকে চললাম(১), তিনি আমাকে অবশ্যই হেদায়াত করবেন,

(১) কাতাদাহ বলেন, অর্থাৎ তিনি বললেন, তিনি তার আমল, মন ও নিয়্যত সব নিয়েই যাচ্ছেন। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(৯৯) ইব্রাহীম বলল, ‘আমি আমার প্রতিপালকের দিকে চললাম,[1] তিনি আমাকে অবশ্যই সৎপথে পরিচালিত করবেন;

[1] ইবরাহীম (আঃ)-এর উক্ত ঘটনা ইরাকের ব্যাবিলন শহরে ঘটেছিল। শেষে তিনি সেখান থেকে হিজরত করে শামে চলে যান এবং সেখানে গিয়ে সন্তানের জন্য দু’আ করেন। (ফাতহুল ক্বাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3887

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন